# সালাতের গুরুত্ব ও ফযীলত

বিভাগ/অধ্যায়ঃ সংকলকের ভূমিকা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

সংকলকের ভূমিকা

إن الحمد لله نحمد ونستعينه ونستغفره ونعوذ بالله من شرور أنفسنا ومن سيئات أعمالنا من يهد الله فلا مضل له ومن يضلل فلا هادي له وأشهد أن لا إله إلا الله وأن محمداً عبده ورسوله صلى الله عليه وسلم! وبعد:

সালাত কালেমা শাহাদতের স্বীকৃতির পরই ইসলামের সবচেয়ে গুরুত্বপূর্ণ ভিত্তি। আর সালাতে অলসতাকারীদের মধ্যে শ্রেণিভেদ রয়েছে, তাদের মধ্যে কেউ এমন যে সে কখনও সালাত আদায় করে না, এটি হলো কুফুরী। তাদের মধ্যে কেউ সালাতের ব্যাপারে অলসতাকারী। বাস্তবে তাদের আধিক্যই আমি দেখলাম অথচ সালাত হলো ইসলামের বৃহত্তম নিদর্শন ও প্রতীক। আবার এমনও লোক আছে যে, এক ওয়াক্ত সালাত পড়ে তো অন্য ওয়াক্ত ছেড়ে দেয়, এর বিধানও প্রথম শ্রেণির মতো। তাদের মধ্যে কেউ জামা'আতে সালাত আদায়ে অলসতা করে। কেউ তো ফজর সালাতের জামা'আতে অলসতা করে, এগুলো বড় ধরণের ত্রুটি এবং অবহেলা। এ জন্য আমি এ ক্ষুদ্র বইখানি লিখার প্রয়াস চালিয়েছি এবং বইটি সংক্ষিপ্ত করার চেষ্টা করেছি, তাই টীকা টিপ্পনি সংযোজন থেকে বিরত হয়ে হাদীস উল্লেখ করে সাথে সাথেই মূল হাদীস গ্রন্থের উদ্ধৃতি পেশ করেছি, যেন পাঠকের সুবিধা হয় এবং জনসাধারণের সহজলভ্য হয় আর এটিই হলো পুস্তিকাটি রচনার প্রকৃত উদ্দেশ্য। আমি পুস্তিকাটির মধ্যে যা ভুল-ত্রুটি রয়েছে তা সংশোধন ও এর নির্ভরযোগ্যতার জন্য তা মাননীয় ড. শাইখ সালেহ ইবন ফাওযান আল-ফাওযানের নিকট পেশ করি। তিনি আমার এই আবেদন গ্রহণ করেন। আমি তাঁর কৃতজ্ঞতা প্রকাশ করছি। আল্লাহ যেন তাকে উত্তম প্রতিদান দেন এবং তার জ্ঞানের মাধ্যমে জনসাধারণকে উপকৃত করেন।

দুরূদ ও সালাম বর্ষিত হউক আমাদের নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওপর এবং তাঁর পরিবারবর্গ ও সাহাবীগণের ওপর।

লেখক:
আব্দুল্লাহ ইবন সা'দ আল ফালেহ

Source — https://www.hadithbd.com/books/link/?id=10168

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন